

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬২. যিনি বলেন, সূর্যগ্রহণের সালাতে রুকু' হবে চারটি

باب مَنْ قَالَ أَرْبَعُ رَكَعَاتٍ

## আরবী

حدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبِلِ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ عَبْدِ الْمَلِكِ، حَدَّثَنِي عَطَاءً، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، قَالَ كُسِفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم وَكَانَ ذَلِكَ فِي الْهِهِ وَلَّذِي مَاتَ فِيهِ إِبْرَاهِيمُ ابْنُ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَقَالَ النَّاسُ إِنَّمَا كُسِفَتْ لِمَوْتِ إِبْرَاهِيمَ ابْنِهِ صلى الله عليه وسلم فَقَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَصَلِّى بِالنَّاسِ سِتَّ رَكَعَات فِي أَرْبَعِ سَجَدَات كَبَّرَ ثُمَّ قَرَأَ فَأَطَالَ الْقِرَاءَةَ ثُمَّ رَكَعَ نَحْوًا مَمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ دُونَ الْقِرَاءَةِ الثَّانِيةِ ثُمَّ رَكَعَ نَحْوًا مِمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ وَقَلَ النَّابِيَةِ ثُمَّ رَكَعَ نَحْوًا مِمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ وَقَلَ الْقِرَاءَةِ الثَّانِيةِ ثُمَّ رَكَعَ نَحْوًا مِمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ وَقَلَ الْقَرَاءَةَ الثَّانِيةِ ثُمَّ رَكَعَ نَحْوًا مِمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ وَقَلَالِيَّةَ دُونَ الْقِرَاءَةِ الثَّانِيةِ ثُمَّ رَكَعَ نَحْوًا مِمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ وَقَلَالِيَّةَ دُونَ الْقِرَاءَةِ الثَّانِيةِ ثُمَّ رَكَعَ نَحْوًا مِمَّا قَامَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَرَأَ وَلَاثُ رَفِعَ لَلْكُ مُن رَفَعَ وَلَا اللهِ عَلَامِهِ وَتَقَدَّمَ اللهِ عَلَى الْمَعْنَ الْتَقِيقَ وَجَلًا لَا اللهِ عَنَّ وَهَدْ طَلَعَتِ الشَّمْسُ وَقَالَ لِمَوْتِ بَشَرٍ فَقَالَ " يَا أَيُّهُا النَّاسُ إِنَّ الشَّمْسُ وَالْقَمَرَ آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ عَزَّ وَجَلَّ لَا السَّهُ بَقَيْمَ الْصَلَوْلِ حَتَّى تَنْجَلِيَ " . وَسَاقَ بَقِيَّةً الْحَدِيثِ فَقَالَ " يَا أَيْتُمْ شَيْئًا مِنْ ذَلِكَ فَصَلُوا حَتَّى تَنْجَلِيَ " . وَسَاقَ بَقِيَّةَ الْطَدِيثِ

\_ صحيح: م لكن قوله: (ست ركعات) شاذ، والمحفوظ: (أربع ركعات) كما في الطريق التالية ١١٧٩

বাংলা



১১৭৮। জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পুত্র ইবরাহীমের মৃত্যুর দিনে সূর্যগ্রহণ হলে লোকজন মন্তব্য করলো, ইবরাহীমের মৃত্যুর কারণেই গ্রহণ লেগেছে। অতঃপর তিনি লোকদেরকে নিয়ে চার সিজদা্ ও ছয় রুকু'সহ সালাত আদায় করেন। তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর বলে সালাত আরম্ভ করে দীর্ঘক্ষণ কিরাআত পড়েন। অতঃপর দাঁড়ানোর অনুরূপ সময় রুকু'তে অতিবাহিত করেন।

অতঃপর মাথা উঠিয়ে প্রথমবারের চেয়ে কিছুটা কম সময় কিরাআত পড়েন। অতঃপর দাঁড়ানোর অনুরূপ সময় রুকৃ'তে অতিবাহিত করেন। অতঃপর মাথা উঠিয়ে তৃতীয়বারের কিরাআত পড়েন যা ছিল দ্বিতীয়বারের চেয়ে কিছুটা কম। অতঃপর তিনি রুকৃ'তে গিয়ে দাঁড়ানোর অনুরূপ সময় অতিবাহিত করে মাথা উঠান, অতঃপর সিজদা করেন। তিনি দু'টি সিজদা করার পর দ্বিতীয় রাক'আতের জন্য দাঁড়ান এবং এ রাক'আতেও তিনি সিজদার পূর্বে তিনটি রুকৃ' করেন। তাঁর দ্বিতীয় রাক'আতের দাঁড়ানোর সময়ও দীর্ঘ ছিল, তবে তা প্রথম রাক'আতের প্রত্যেকটি কিয়ামের চেয়ে কম সময় ছিল এবং রুকু'তে অবস্থানের সময় ছিলো দাঁড়ানোর সমপরিমাণ।

অতঃপর তিনি সালাতের মধ্যেই পেছনের দিকে সরে আসেন, ফলে মুসল্লীদের কাতারগুলোও তাঁর সাথে সাথে সরে গেল। অতঃপর তিনি আবার সস্থানে আসলে সবগুলো কাতার সম্মুখে অগ্রসর হয়। এভাবে তিনি সালাত সমাপ্ত করলেন এবং এ সময়ের মধ্যে সূর্যও গ্রহণমুক্ত হয়ে যায়। অতঃপর তিনি বলেনঃ হে লোকেরা! নিশ্চয় সূর্য ও চন্দ্র মহাপরাক্রমশালী মহান আল্লাহ নিদর্শনসমূহের দু'টি নিদর্শন। কোন ব্যক্তির মত্যুর কারণে এ দু'টির গ্রহণ হয়না। অতএব তোমরা গ্রহণ হতে দেখলে তা গ্রাসমুক্ত না হওয়া পর্যন্ত সালাত আদায় করবে। হাদীসের অবশিষ্ট অংশও এভাবে বর্ণিত হয়েছে।[1]

সহীহ : মুসলিম। কিন্ত (ছয় রুকু) কথাটি শায। মাহফুয হচ্ছেঃ (চার রুকু)। যেমন সামনে আসছে।

## **English**

Narrated Jabir b. Abd Allah:

There was an eclipse of the sun in the time of the Messenger of Allah (ﷺ) had died. The people began to to say that there was an eclipse on account of the death of Ibrahim. The Prophet (ﷺ) stood up and led the people in prayer performing six bowings and four prostrations. he said: Allah is most great, and then recited from the Qur'an and prolonged the recitation. He then bowed nearly as long as he stood. He then raised his head and recited from the Qur'an but it was less than the first (recitation). He then bowed nearly as long as he stood. He then raised his head and then recited from the Quran for the third time, but it was less than the second recitation. He then bowed nearly as long as he stood. he then raised his head and then recited from the Qur'an for the third time, but it was less than the second recitation. he then bowed nearly as long as he stood. Then he raised his head and went down for prostration. he made two prostrations. He then



stood and made three bowings before prostrating himself, the preceding bowing being more lengthy than the following, but he bowed nearly as long as he stood. He then stepped back during the prayer and the rows (of the people) too stepped back along with him. Then he stepped forward and stood in his place, and the rows too stepped forward. he then finished the prayer and the sun had become bright. He said: O people, the sun and the moon are two of Allah's signs; they are not eclipsed on account of a man's death. So when you see anything of that nature, offer prayer until the sun becomes bright. The narrator then narrated the rest of the tradition.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সূর্য গ্রহণ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন